জিইপি/বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
সিইপিজেড ডিভিশন, চট্টগ্রাম।
Website: www.cbcctg.gov.bd, E-mail: bondcepz@gmail.com

বিচারাদেশ নং : 02/২০২৬, তারিখ : ০৮/০১/২০২৬ খ্রি. প্রেরণের তারিখ: ২১/০১/২০২৬ খ্রি.

আদেশ প্রদানকারী কর্মকর্তার নাম : মোঃ মাহফুজুল হক ভূঞাঁ

পদবী : কমিশনার (চ:দা:)
কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।

মূল আদেশ

১। এ আদেশের অনুলিপি সংশ্লিষ্ট ব্যক্তির নিকট ব্যক্তিগত ব্যবহারের জন্য বিনা মূল্যে প্রদান করা হলো;

২। এ আদেশের বিরুদ্ধে আপীল করতে হলে তা আদেশ জারীর ০৩ (তিন) মাসের মধ্যে প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল, জাতীয় রাজস্ব ভবন বিল্ডিং (১০ম তলা) প্লট নং-এফ ১/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা বরাবর দাখিল করতে হবে;

৩। ১,২০০/- (এক হাজার দুইশত) টাকা মাত্র মূল্যের কোর্ট ফি ষ্ট্যাম্প সংযুক্ত করতে হবে এবং সেই সঙ্গে নিম্নলিখিত দলিলাদির সংযুক্ত করে দিতে হবে;
ক) Court Fee Act, 1870 এর ১নং তফশীলের ৬ নং দফা অনুযায়ী টাকা ২০/-(বিশ) মাত্র মূল্যের কোর্ট ফি যুক্ত এ আদেশের একটি অতিরিক্ত অনুলিপি ; এবং
খ) আপীল আবেদনের একটি অতিরিক্ত অনুলিপি;

৪। আপীল আবেদনের একটি অনুলিপি অবশ্যই কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৪২, এম, এম, আলী রোড, লালখাঁন বাজার, চট্টগ্রাম বরাবরে প্রেরণ করতে হবে;

৫। Customs Act, 1969 এর Section 194, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১২২ এর প্রতি আপীলকারীর দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আপীল বিবেচিত হওয়ার পূর্বে মূল আদেশে আরোপিত জরিমানা/শুল্ক/মূল্য সংযোজন কর ইত্যাদি অবশ্যই আইনের ধারা মোতাবেক পরিশোধ করতে হবে;

৬। লিখিত আপীল ছাড়াও আপীলকারী স্বয়ং অথবা মনোনীত প্রতিনিধির মাধ্যমে প্রেসিডেন্ট, আপিল ট্রাইব্যুনাল বরাবর ব্যক্তিগত শুনানী দিতে চাইলে আপীল আবেদনে তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৭। ক) প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : **M/S. Norm Outfit & Accessories Ltd.**
Plot # 56, Sector # 08, CEPZ, Chattogram

খ) অনিয়ম এর বিবরণ : সংশ্লিষ্ট লিয়েন ব্যাংকে Full Overdue থাকার অভিযোগ।

**মামলার প্রেক্ষাপট:**

০৮। বাংলাদেশ ব্যাংকের Online Export Monitoring System হতে দেখা যায় যে, M/S. Norm Outfit & Accessories Ltd, Plot # 56, Sector # 08, CEPZ, Chattogram (বন্ড লাইসেন্স নং-১৬/২০১২ তাং-২৩-০৯-২০১২ খ্রি.; মূসক নিবন্ধন নং-২৪০২১০০৮৬২৯, তাং-০৫-০৭-২০১২ খ্রি.) নামীয় প্রতিষ্ঠানের রপ্তানির বিপরীতে Full Overdue এর পরিমাণ ৩৩,৪৩,০১৫.০৩ মা.ডলার প্রদর্শিত হয়। বাংলাদেশ ব্যাংকের অনলাইন এক্সপোর্ট মনিটরিং সিষ্টেম হতে প্রাপ্ত Full Overdue এর বিস্তারিত তথ্য নিম্নে উল্লেখ করা হলো:

| SL No | EXP No | EXP Year | Shipment Date | Overdue Date | Delay Days | Overdue Amount (USD) |
|---|---|---|---|---|---|---|
| 1 | 000018780052282018 | 2018 | 14/10/2018 | 14/02/2019 | 1844 | 152,033.72 |
| 2 | 00018780052222018 | 2018 | 16/10/2018 | 16/02/2019 | 1842 | 158,055.51 |
| 3 | 000018780052272018 | 2018 | 16/10/2018 | 16/02/2019 | 1842 | 137,522.00 |
| 4 | 000018780052302018 | 2018 | 16/10/2018 | 16/02/2019 | 1842 | 158,027.00 |
| 5 | 000018780052312018 | 2018 | 16/10/2018 | 16/02/2019 | 1842 | 162,999.40 |
| 6 | 000018780052292018 | 2018 | 18/10/2018 | 18/02/2019 | 1840 | 150,328.00 |
| 7 | 000018780054492018 | 2018 | 18/10/2018 | 18/02/2019 | 1840 | 170,100.00 |
| 8 | 000018780052322018 | 2018 | 18/10/2018 | 18/02/2019 | 1840 | 140,105.00 |
| 9 | 000018780054462018 | 2018 | 18/10/2018 | 18/02/2019 | 1840 | 168,100.00 |
| 10 | 000018780052332018 | 2018 | 18/10/2018 | 18/02/2019 | 1840 | 155,513.00 |
| 11 | 000018780054452018 | 2018 | 18/10/2018 | 18/02/2019 | 1840 | 175,225.00 |
| 12 | 000018780054442018 | 2018 | 18/10/2018 | 18/02/2019 | 1840 | 162,754.90 |
| 13 | 000018780054482018 | 2018 | 18/10/2018 | 18/02/2019 | 1840 | 162,720.00 |
| 14 | 000018780052232018 | 2018 | 18/10/2018 | 18/02/2019 | 1840 | 157,120.00 |
| 15 | 000018780052262018 | 2018 | 18/10/2018 | 18/02/2019 | 1840 | 143,000.00 |
| 16 | 000018780052252018 | 2018 | 18/10/2018 | 18/02/2019 | 1840 | 156,282.00 |
| 17 | 000018780054472018 | 2018 | 18/10/2018 | 18/02/2019 | 1840 | 171,912.50 |
| 18 | 000031390000052019 | 2019 | 31/05/2019 | 30/09/2019 | 1616 | 161,882.35 |
| 19 | 000031390000032019 | 2019 | 31/05/2019 | 30/09/2019 | 1616 | 164,683.75 |
| 20 | 000031390000072019 | 2019 | 31/05/2019 | 30/09/2019 | 1616 | 165,928.50 |
| 21 | 000031390000062019 | 2019 | 31/05/2019 | 30/09/2019 | 1616 | 168,722.40 |
| | | | | | TOTAL | 3,343,015.03 |
| | | | | | | |

## কারন দর্শানো নোটিশ জারি ও জবাব প্রদান:

০৯। সিইপিজেডস্থ M/S. Norm Outfit & Accessories Ltd এর Full Overdue এর পরিমাণ ৩৩,৪৩,০১৫.০৩ মা.ডলার প্রত্যাবসিত না হওয়ায় বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর বিধি-১৭ (ক) (খ) এবং লাইসেন্সি কর্তৃক পালনীয় শর্তাবলীর এবং The Customs Act, 1969 এর Section 13(2), (3) এবং 131 এর সুস্পষ্ট লংঘন, যা The Customs Act, 1969 এর Section 156(1) এর টেবিলের ক্লজ 1 এবং 66A অনুযায়ী শাস্তিযোগ্য বিধায় Customs Act, 1969 এর Section111 মোতাবেক এ দপ্তরের নথি নং-এস-৮০/কাবক/সিইপিজেড/Full Overdue/2023/1164, Dt-09.08.2023 এর মাধ্যমে এ দপ্তর হতে দাবীনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারী করা হয়। জারীকৃত কারণ দর্শানো নোটিশের বিপরীতে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কোনো লিখিত জবাব দাখিল করেনি। প্রতিষ্ঠান হতে কোনো জবাব না পাওয়ায় বাংলাদেশ ব্যাংকের Online Export Monitoring System পুনরায় যাচাই করা হয়। যাচাইকালে আলোচ্য প্রতিষ্ঠানের বিরুদ্ধে কারন দর্শানো নোটিশে উল্লেখিত EXP সমূহ অদ্যাবধি অপ্রত্যাবাসিত রয়েছে মর্মে দেখা যায়।

## শুনানী গ্রহণ :

১০। দাবীনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশের বিপরীতে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কোনো জবাব দাখিল না করায় অভিযোগের বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে গত ২৪.০৯.২০২৪ খ্রি. তারিখ শুনানীর দিনক্ষন নির্ধারণ করে প্রতিষ্ঠানকে পত্র মারফত অবহিত করা হয়। উক্ত নির্ধারিত শুনানীতে প্রতিষ্ঠানের (ক) জনাব চৌধুরী রাব্বি রহমান, চেয়ারম্যান ও (২) জনাব জাহেদ রেজওয়ান, ব্যবস্থাপনা পরিচালক শুনানীতে উপস্থিত হয়ে বক্তব্য প্রদান করেন। প্রতিষ্ঠান প্রতিনিধিগণ নিম্নোক্ত বক্তব্য উপস্থাপন করেন:

> "২০১০ সালে প্রতিষ্ঠাতা অংশীদার ছিলেন এবং ২০১৬ সালে উক্ত প্রতিষ্ঠানের তাঁদের অংশের সমস্ত শেয়ার বিক্রয় তথা হস্তান্তরের মাধ্যমে সকল প্রকার অংশীদারিত্ব এবং দায়িত্ব হতে পদত্যাগ করেন। তাঁদের পদত্যাগের পর অন্যান্য মালিক ও অংশীদারগণ উক্ত প্রতিষ্ঠান পরিচালনা করছেন। যাহার স্বপক্ষে বর্তমান মালিকদের দলিলাদি উপস্থাপন করা হলো। তিনি কোম্পানি হতে পদত্যাগ করার পর বন্ড এর কোনো দাপ্তরিক কাগজপত্র তাঁদের দ্বারা স্বাক্ষরিত হয় নাই। তাঁদের স্বাক্ষর ছাড়া এ পর্যন্ত উক্ত কোম্পানির বন্ড কার্যক্রম কিভাবে সম্পাদন হয়েছে তা তাঁরা বোধগম্য নয়। বর্তমানে উক্ত প্রতিষ্ঠানের তাঁদের কোনো সম্পর্ক নাই এবং ২০১৬ সালের পর বন্ড এর কোনো দাপ্তরিক কাগজপত্র তাঁদের দ্বারা স্বাক্ষরিত হয় নাই বিধায় উক্ত বিষয় সম্পর্কে তাঁরা অবগত নয়"।

## পর্যালোচনা

১১। এ দপ্তর হতে দায়েরকৃত কারণ দর্শানো নোটিশ ও নোটিশের আলোকে জবাবসহ শুনানীর বক্তব্য পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ ব্যাংকের Online Export Monitoring System এ M/S. R.M. Interlinings Ltd নামীয় প্রতিষ্ঠানের রপ্তানির বিপরীতে ২১ টি EXP এর Full Overdue এর পরিমাণ ৩৩,৪৩,০১৫.০৩ মা.ডলার প্রদর্শিত হওয়ায় এ দপ্তর হতে কারণ দর্শানো নোটিশ জারী করা হয়। কারণ দর্শানো নোটিশ জারীর পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কোনো লিখিত জবাব দাখিল করেনি তবে গত ২৪.০৯.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত শুনানীতে নিম্নোক্ত বক্তব্য উপস্থাপন করেন:

> "২০১০ সালে প্রতিষ্ঠাতা অংশীদার ছিলেন এবং ২০১৬ সালে উক্ত প্রতিষ্ঠানের তাঁদের অংশের সমস্ত শেয়ার বিক্রয় তথা হস্তান্তরের মাধ্যমে সকল প্রকার অংশীদারিত্ব এবং দায়িত্ব হতে পদত্যাগ করেন। তাঁদের পদত্যাগের পর অন্যান্য মালিক ও অংশীদারগণ উক্ত প্রতিষ্ঠান পরিচালনা করছেন। যাহার স্বপক্ষে বর্তমান মালিকদের দলিলাদি উপস্থাপন করা হলো। তিনি কোম্পানি হতে পদত্যাগ করার পর বন্ড এর কোনো দাপ্তরিক কাগজপত্র তাঁদের দ্বারা স্বাক্ষরিত হয় নাই। তাঁদের স্বাক্ষর ছাড়া এ পর্যন্ত উক্ত কোম্পানির বন্ড কার্যক্রম কিভাবে সম্পাদন হয়েছে তা তাঁরা বোধগম্য নয়। বর্তমানে উক্ত প্রতিষ্ঠানের তাঁদের কোনো সম্পর্ক নাই এবং ২০১৬ সালের পর বন্ড এর কোনো দাপ্তরিক কাগজপত্র তাঁদের দ্বারা স্বাক্ষরিত হয় নাই বিধায় উক্ত বিষয় সম্পর্কে তাঁরা অবগত নয়"।

প্রতিষ্ঠানের উক্তরূপ বক্তব্য সঠিক নয়। কারণ আলোচ্য প্রতিষ্ঠানের লাইসেন্স নথি হতে বর্তমান ও পূর্বতন মালিকানা এবং তাদের দায়সহ সার্বিক বিষয়ে পর্যালোচনার লক্ষ্যে অফিস আদেশ নং- এস-১/০৩/ Norm Outfit & Accessories Limited/সিইপিজেড/কাস/প্রি:/১১/৪৭১(১), তারিখ:২৭.০৩.২০২৪ খ্রি. এর মাধ্যমে কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের পর্যালোচনা ও প্রস্তাব নিম্নরূপ:

> প্রতিষ্ঠানটির লাইসেন্স কপির ২য় পাতায় বন্ডার কর্তৃক পালনীয় শর্তসমূহের মধ্য ১০ নং শর্তে রয়েছে "লাইসেন্সধারী প্রতিষ্ঠানের গঠনতন্ত্র বা ব্যবস্থাপনা পরিষদে যে কোন পরিবর্তন /পরিবর্ধনের ক্ষেত্রে লাইসেন্সিং কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহন করতে হবে এবং এ মর্মে লাইসেন্স সংশোধিত না হওয়া পর্যন্ত যে কোন পরিবর্তন অবৈধ ও শুল্ক আইনের ব্যত্যয় হিসেবে গন্য করে আইনানুগভাবে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে"। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নথিপত্র যাচাই করে মালিকানা পরিবর্তন সংক্রান্ত কোন তথ্য বা মালিকানা পরিবর্তনের জন্য কোন আবেদন বা পূর্বানুমতির কোন তথ্য পাওয়া যায়নি। যার ফলে আবেদনকারী মালিকদ্বয় এর শেয়ার বিক্রি তথা হস্তান্তরের মাধ্যমে সকলপ্রকার অংশীদারিত্ব এবং দায়িত্ব হতে পদত্যাগ আইনানুগ না হওয়ায় প্রতিষ্ঠানটির সকল দায়-দায়িত্ব জনাব চৌধুরী রাব্বি রহমান, চেয়ারম্যান ও জনাব জাহেদ রেজওয়ান, ম্যানেজিং ডিরেক্টর এর উপর বর্তায়। মালিকদ্বয় আলোচ্য প্রতিষ্ঠানের প্রকৃত মালিক/সত্ত্বাধিকারী হওয়ায় প্রতিষ্ঠানের বিরুদ্ধে দাবিকৃত সরকারী রাজস্ব পরিশোধে বাধ্য এবং প্রতিষ্ঠানের মালিকানা হতে অব্যহতি প্রদানের আইন গত কোন সুযোগ নেই।
>
> আবেদনের সাথে সংযুক্ত বেপজা কর্তক ইস্যুকৃত নতুন মালিকদের নামে চিঠি যার নং-০৯.০৬.২৬১৬.৩১৪.৩৩.৪০৫. ০৯.৮০৯, তারিখ: ১৬ অক্টোবর ২০১৮ পর্যালোচনায় দেখা যায় জনাব সোহেলা আবেদিন, চেয়ারম্যন এবং জনাব

জাহিদ হাসান, ম্যনেজিং ডিরেক্টর এর নামে শেয়ার ট্রান্সফারে অনাপত্তি প্রদান করা হয়েছে। উক্ত অনাপত্তি পত্র এর অনুলিপি কোথাও প্রেরণ করা হয়নি।

আবেদনের সাথে সংযুক্ত মালিকানা পরিবর্তনের ফরম-১২ যাচাই করে দেখা যায় জনাব চৌধুরী রাব্বি রহমান, চেয়ারম্যান, জনাব জাহেদ রেজওয়ান, ম্যানেজিং ডিরেক্টর পদ থেকে ২৪.০৩.২০১২ তারিখে পদত্যাগ করেছেন এবং খন্দকার মাহাবুব রব, মোঃ মোকলেসুর রহমান, মোহাম্মদ জানে আলম, মোঃ হাবিবুর রব পরিচালনা পর্ষদের দায়িত্ব ২৪.০৩.২০১২ হতে গ্রহন করেন। উক্ত মালিকানা পরিবর্তনের ফরম-১২ যার ইস্যু নং- ৩৫০৩৫, তারিখ: ১৫.০২.২০২৩ যাতে প্রতিয়মান হয় যে, উক্ত মালিকানা পরিবর্তনের ফরম-১২ যার ইস্যু নং- ৩৫০৩৫, তারিখ: ১৫.০২.২০২৩ উদ্দেশ্য প্রনোদিতভাবে দায় এড়ানোর হাতিয়ার হিসেবে সৃজন করা হয়েছে। আরো উল্লেখ্য যে, আবেদনের সাথে সংযুক্ত আরো একটি মালিকানা পরিবর্তনের ফরম-১২ দাখিল করেছে যার ইস্যু নং- ৩৮৬৫, তারিখঃ ১৩.০৪.২০১৭ যেখানে খন্দকার মাহবুব রব, এবং হাবিবুর রব ১৮.০৩.২০১৭ হতে শেয়ার ট্রান্সফারে করে পরিচালনা পর্যদ হতে অব্যহতি নিয়েছেন। পরবর্তীতে জনাবা সোহেলা আবেদিন এবং একেএম জাহিদ হোসাইন পরিচালনা পর্ষদের দায়িত্বে আসেন। বারবার মালিকানা পরিবর্তনের বিষয়ে কখনোই বন্ড কমিশনারেটকে অবহিত করা হয়নি এবং মালিকানা পরিবর্তনের আবেদনও করা হয়নি। অথচ লাইসেন্স এর শর্ত মোতাবেক বন্ডার কর্তৃক পালনীয় শর্তসমূহের মধ্যে ১০ নং শর্তে রয়েছে "লাইসেন্স ধারী প্রতিষ্ঠানের গঠনতন্ত্র বা ব্যবস্থাপনা পরিষদে যে কোন পরিবর্তন /পরিবর্ধনের ক্ষেত্রে লাইসেন্সিং কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহন করতে হবে এবং এ মর্মে লাইসেন্স সংশোধিত না হওয়া পর্যন্ত যে কোন পরিবর্তন অবৈধ ও শুল্ক আইনের ব্যত্যয় হিসেবে গন্য করে আইনানুগভাবে শাস্তি মূল্যক ব্যবস্থা গ্রহণ করা হবে"।

প্রতিষ্ঠানটির লাইসেন্স নথি পর্যালোচনায় দেখা যায় ২৩.০৯.২০১২ খ্রি. তারিখে সম্পাদিত জেনারেল বন্ডের ননজুডিশিয়াল ২০০০ টাকার স্ট্যাম্পে জনাব চৌধুরী রাব্বি রহমান, চেয়ারম্যান, জনাব জাহেদ রেজওয়ান, ম্যানেজিং ডিরেক্টর হিসেবে স্বাক্ষর করেছেন। যা সংশ্লিষ্ট লিয়েন ব্যংক কর্তৃক স্বাক্ষরসমূহ ভেরিফাইড করা রয়েছে এবং এডভোকেট শামশুল আলম চৌধুরী কর্তৃক নোটারী পাবলিক করা। তৎপরবর্তীতে ২৯.০৮.২০১৭ তারিখে জেনারেল বন্ড নবায়নের আবেদনে জনাব জাহেদ রেজওয়ান স্বাক্ষরিত আবেদন মোতাবেক ৩১.০৮.২০১৭ খ্রি. তারিখে সম্পাদিত জেনারেল বন্ডে এর নন জুডিশিয়াল ২০০০ টাকার স্ট্যাম্পে জনাব চৌধুরী রাব্বি রহমান, চেয়ারম্যান, জনাব জাহেদ রেজওয়ান, ম্যানেজিং ডিরেক্টর হিসেবে স্বাক্ষর করেছেন, যা সংশ্লিষ্ট লিয়েন ব্যংক কর্তৃক স্বাক্ষর সমূহ ভেরিফাইড করা রয়েছে এবং এডভোকেট শামশুল আলম চৌধুরী কর্তৃক নোটারী পাবলিক করা। ২৩.০৯.২০১২ তারিখে মূল লাইসেন্স এ জনাব চৌধুরী রাব্বি রহমান, চেয়ারম্যান, জনাব জাহেদ রেজওয়ান, ম্যানেজিং ডিরেক্টর হিসেবে স্বাক্ষর করেছেন এতে প্রমানিত হয় জনাব চৌধুরী রাব্বি রহমান, চেয়ারম্যান, জনাব জাহেদ রেজওয়ান, ম্যানেজিং ডিরেক্টর পদ থেকে ২৪.০৩.২০১২ তারিখে পদত্যাগ করেছেন মর্মে যে বিবৃতি এবং প্রমানক দিয়েছেন তা সম্পূর্ন মিথ্যা এবং বানোয়াট।

নথি পর্যালোচনায় দেখা যায় জনাব চৌধুরী রাব্বি রহমান, চেয়ারম্যান বোর্ড অব রেজুলেশনের মাধ্যমে ১০০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে ব্যাংক, বেপজা, কাস্টমস সহ সকল প্রয়োজনে জনাব জাহিদ রেজা চৌধুরীকে নর্ম আউটফিট এর পক্ষে স্বাক্ষর প্রদানের ক্ষমতা অর্পন করেছেন, যা লিয়েন ব্যাংক কর্তৃক অথরাইজ করা এবং নোটারি পাবলিক করা রয়েছে, আরো দেখা যায় যে, জনাব জাহিদ রেজা চৌধুরী, ম্যানেজিং ডিরেক্টর, স্বাক্ষরিত ৩০০ টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে স্বাক্ষরিত (১) জনাব জহির আহম্মেদ জামিল, জেনারেল ম্যানেজার, (২) মঈদুল হক চৌধুরী, এস আর ম্যানেজার কর্মাশিয়াল কে ০৬.০৭.২০১৭ তারিখে আমদানি, রপ্তানি ও কাস্টমস দলিলাদিতে স্বাক্ষর করার ক্ষমতা অর্পন করেন। এতে সুস্পষ্ট প্রতিয়মান হয় আবেদনকারী দ্বয়ের ১৯.০৩.২০২৪ তারিখের আবেদনে উল্লিখিত "আমাদের পদত্যাগ করার পর বন্ড এর কোন দাপ্তরিক কাগজপত্র আমাদের দ্বারা স্বাক্ষরিত হয় নাই। আমার স্বাক্ষর ছাড়া উক্ত কোম্পানির বন্ড কার্যক্রম কিভাবে সম্পাদন হয়েছে তা আমার বোধগম্য নয়। যেহেতু উক্ত প্রতিষ্ঠানের সাথে বর্তমানে আমাদের সাথে কোন সম্পর্ক নেই এবং ২০১২ পর বন্ড এর কোন দাপ্তরিক কাগজ পত্র আমার দ্বারা স্বাক্ষরিত হয় নাই বিধায় উক্ত বিষয় সম্পর্কে আমি কোন প্রকার অবগত নই। অতএব উক্ত বিষয় হতে আমাদেরকে অব্যহতি দানের জন্য অনুরোধ করা হলো" তাদের দাবিটি সম্পূর্ন মিথ্যা এবং ভিত্তিহীন।

সার্বিক বিষয়াদি পর্যালোচনা মোতাবেক নিম্নোক্ত ছকে উল্লিখিত ব্যক্তিবর্গ একে অপরের যোগসাজসে মালিকানা বিষয়ক জটিলতা, মিথ্যা তথ্য প্রদানের মাধ্যমে রাজস্ব ফাঁকি, প্রতারনা ও বিতর্কিত পরিস্থিতি সৃষ্টির জন্য দায়ীঃ

| ক্রমিক নং | নাম, ঠিকানা, | জাতীয় পরিচয় পত্র নাম্বার, | অভিযুক্ত হওয়ার কারণ |
|---|---|---|---|
| ১ | জনাব খন্দকার মাহবুবুর রব<br>শেরশাহ কলোনি,এফ/এ-২১, ঈদগাহ মাঠ সড়ক, বায়জিদ বোস্তামি, চট্টগ্রাম। | টিন নং- ৩১১-১১১-১১১১ | মালিকানা পরিবর্তনের ফরম-১২ যার ইস্যু নং- ৩৫০৩৫, তারিখ: ১৫.০২.২০২৩ মোতাবেক প্রতারনার সহায়তাকারী |
| ২ | জনাব মোঃ মোকলেচুর রহমান<br>রহমান বিল্ডিং, কাজির গলি, দক্ষিণ হালিশহর, পুরাতন সাইট পাড়া, সেইলরস কলোনি, বন্দর, চট্টগ্রাম | টিন নং- ৩৫৪-১৯০-১৪৯৯ | মালিকানা পরিবর্তনের ফরম-১২ যার ইস্যু নং- ৩৫০৩৫, তারিখ: ১৫.০২.২০২৩ মোতাবেক প্রতারনার সহায়তা কারী |
| ৩ | জনাব মোঃ জানে আলম<br>নাজির বাড়ী, ১৮০১ শেখ মুজিব রোড, দক্ষিন আগ্রাবাদ, ডাবলমুরিং, চট্টগ্রাম | টিন নং- ৩৪৫-১০৮-৭২২৫ | মালিকানা পরিবর্তনের ফরম-১২ যার ইস্যু নং- ৩৫০৩৫, তারিখ: ১৫.০২.২০২৩ মোতাবেক প্রতারনার সহায়তাকারী |
| ৪ | জনাব হাবিবুর রব<br>শেরশাহ কলোনি,এফ/এ-২১, ঈদগাহ মাঠ সড়ক, বায়জিদ বোস্তামি, চট্টগ্রাম। | টিন নং- ৩১১-১১১-১১১২ | মালিকানা পরিবর্তনের ফরম-১২ যার ইস্যু নং- ৩৫০৩৫, তারিখ: ১৫.০২.২০২৩ মোতাবেক প্রতারনার সহায়তাকারী |
| ৫ | জনাব সোহেলা আবেদিন<br>হাউস নং- সি-৮৪, বে গ্রীন ভেলী, রোড নং-৬, খুলসী-৪২২৫, চট্টগ্রাম | | মালিকানা পরিবর্তনের ফরম-১২ যার ইস্যু নং- ৩৮৬৫, তারিখ: ১৩.০৪.২০১৭ মোতাবেক প্রতারনার সহায়তাকারী |
| ৬ | জনাব একেএম জাহিদ হোসাইন<br>হাউস নং- ২২২৭/২৪৬১, বাচা মিয়া রোড,দক্ষিণ নাছিরাবাদ, পোষ্টঃ পাহাড় তলী,৪২০২, চট্টগ্রাম | | মালিকানা পরিবর্তনের ফরম-১২ যার ইস্যু নং- ৩৮৬৫, তারিখ: ১৩.০৪.২০১৭ মোতাবেক প্রতারনার সহায়তাকারী |

ছকে উল্লিখিত ব্যক্তিবর্গ একে অপরের যোগ সাজে মালিকানা বিষয়ক জটিলতা, মিথ্যা তথ্য প্রদানের মাধ্যমে রাজস্ব ফাকি ও বিতর্কিত পরিস্থিতি সৃষ্টির জন্য দায়ী এবং বন্ড সুবিধার অপব্যবহারে সহযোগীতা করায় ও লাইসেন্স এর শর্ত ভঙ্গ করায় শুল্ক আইনের ব্যত্যয় হিসেবে গন্য করে আইনানুগ ভাবে কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

**মালিকানার বিষয়ে গঠিত কমিটির প্রস্তাব:**

সার্বিক বিষয়াদি পর্যালোচনা মোতাবেক নিম্নোক্ত ছকে উল্লিখিত ব্যক্তিবর্গ প্রতিষ্ঠানের প্রকৃত মালিক/সত্বাধিকারী হওয়ায় প্রতিষ্ঠানের বিরুদ্ধে দাবিকৃত সরকারী রাজস্ব পরিশোধে বাধ্য এবং প্রতিষ্ঠানের মালিকানা হতে অব্যাহতি প্রদানের আইন গত কোন সুযোগ নেই মর্মে তদন্ত কমিটি মনে করে।

| ক্র: নং | নাম ও ঠিকানা | জাতীয় পরিচয় পত্র নম্বর | অভিযুক্ত হওয়ার কারণ |
|---|---|---|---|
| ১ | জনাব চৌধুরী রাব্বি রহমান<br>পিতাঃ মাহবুবুর রহমান<br>মাতাঃ তাহেরা বেগম<br>হাউস নং-১৮, রোড নং- ৩, খুলসী আবাসিক এলাকা, চট্টগ্রাম। | ১৫৯৪৩০৮১৩৬৭০৮ | মূল লাইসেন্স ধারী |
| ২ | জনাব জাহেদ রেজওয়ান<br>পিতাঃ মৃত মোঃ রেজওয়ান উদ্দিন<br>মাতাঃ রোকেয়া বেগম<br>হোল্ডিং নং-৬৫, বাড়ী আরআর লজ,(নীচ তলা), ৬ নং ওআর নিজাম রোড়, পাঁচলাইশ, চট্টগ্রাম। | ১৫৯৫৭১৫৩৫২৮৬২ | মূল লাইসেন্স ধারী |

উক্ত কমিটির প্রতিবেদন মোতাবেক আলোচ্য প্রতিষ্ঠানের প্রকৃত মালিক/সত্বাধিকারী যথাক্রমে (ক) জনাব চৌধুরী রাব্বি রহমান, চেয়ারম্যান ও (২) জনাব জাহেদ রেজওয়ান, ব্যবস্থাপনা পরিচালক, যার বিপরীতে আনীত অভিযোগ (Full Overdue Amout 33,43,015.03 মা.ডলার) নিষ্পত্তির লক্ষ্যে নিম্নরূপ আদেশ প্রদান করা হলো।

## আদেশ

১২। M/S. R.M. Interlinings Ltd, CEPZ, Chattogram এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাবের আলোকে বিষয়টি পর্যালোচনা করা হলো। পর্যালোচনায় বাংলাদেশ ব্যাংকের Online Export Monitoring System-এ প্রতিষ্ঠানের রপ্তানির বিপরীতে অপ্রত্যাবাসিত ২১ টি EXP এর Full Overdue এর পরিমাণ ৩৩,৪৩,০১৫.০৩ মা.ডলার এর বিষয়ে কারণ দর্শানো নোটিশ জারী করা হলেও বাংলাদেশ ব্যাংকের Online Export Monitoring System পুন: যাচায়ে ২১ টি EXP অপ্রত্যাবসিত রয়েছে। ২১টি EXP অদ্যাবধি প্রত্যাবসিত না হওয়ায় অর্থাৎ প্রতিষ্ঠান কর্তৃপক্ষ প্রত্যাবসনের ব্যবস্থা গ্রহণে ব্যর্থ হওয়ায় বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর বিধি-১৭ (ক) (খ) ও লাইসেন্সি কর্তৃক পালনীয় শর্তাবলীর এবং The Customs Act, 1969 এর Section 13(2), (3) এবং 131 এর সুস্পষ্ট লংঘনের অভিযোগটি প্রমাণিত ও প্রতিষ্ঠিত।

১৩। প্রতিষ্ঠানের বিপরীতে আনীত অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত হওয়ায় The Customs Act, 1969 এর Section 156(1) এর টেবিলের দফা 66A মোতাবেক উক্ত ২১ টি EXP বিপরীতে Full Overdue সংশ্লিষ্ট বিক্রয়লব্ধ অর্থ মোট ৩৩,৪৩,০১৫.০৩ মা.ডলার বা তার সমপরিমাণ বাংলাদেশি টাকা (৩৩,৪৩,০১৫.০৩×১২২.০০) = ৪০,৭৮,৪৭,৮৩৩.৬৬ (চল্লিশ কোটি আটাত্তর লক্ষ সাতচল্লিশ হাজার আটশত তেত্রিশ দশমিক ছয় ছয়) টাকা রাষ্ট্রের অনুকূলে পরিশোধ করার জন্য আদেশ প্রদান করা হলো। এ আদেশ জারীর ১৫ (পনের) দিনের মধ্যে ৪০,৭৮,৪৭,৮৩৩.৬৬ (চল্লিশ কোটি আটাত্তর লক্ষ সাতচল্লিশ হাজার আটশত তেত্রিশ দশমিক ছয় ছয়) টাকা সরকারি কোষাগারে জমা দিয়ে চালানের মূলকপি এই দপ্তরে দাখিল করার আদেশ দেয়া হলো।

স্বাঃ
মোঃ মাহফুজুল হক ভূঞাঁ
কমিশনার অব কাস্টমস (চ:দা:)
ফোন- ০২৩৩৩৩৬৩২৫৩
ই-মেইলঃ cbcctg21@gmail.com

(১) জনাব জাহেদ রেজওয়ান
ব্যবস্থাপনা পরিচালক
M/S. Norm Outfit & Accessories Ltd.
CEPZ, Chattogram
পিতাঃ মৃত মোঃ রেজওয়ান উদ্দিন
মাতাঃ রোকেয়া বেগম
হোল্ডিং নং-৬৫, বাড়ী আরআর লজ,(নীচ তলা), ৬ নং ওআর নিজাম রোড়, পাঁচলাইশ, চট্টগ্রাম।

(২) জনাব চৌধুরী রাব্বি রহমান
চেয়ারম্যান
M/S. Norm Outfit & Accessories Ltd.
CEPZ, Chattogram
পিতাঃ মাহবুবুর রহমান
মাতাঃ তাহেরা বেগম
হাউস নং-১৮, রোড নং- ৩, খুলসী আবাসিক এলাকা, চট্টগ্রাম।

তাং ০৬/০১/২০২৬ খ্রি.

নথি নং- এস-১/১০/কাবক/সিইপিজেড/Norm Outfit/Audit/2019 | ২৮ (৫)

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো:

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল, জাতীয় রাজস্ব ভবন বিল্ডিং (১০ম তলা) প্লট নং-এফ ১/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

২। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (মামলা ও বকেয়া শাখা), কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।

৩। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস (আইন শাখা), কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।

৪। নির্বাহী পরিচালক, বেপজা, সিইপিজেড, চট্টগ্রাম।

৫। সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।

৬। ব্যবস্থাপক, NRB Commercial Bank Limited, Agrabad Branch, Chattogram

৭। পিএ-টু কমিশনার অব কাস্টমস (বন্ড), কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮। অফিস কপি।

05.01.26

আবদুল্লাহ আল মামুন
ডেপুটি কমিশনার অব কাস্টমস